

তারেক মেমোরিয়াল হাসপাতালে সাংবাদিকদের সাথে মতবিনিময়

মোহাম্মদ শেখ কামাল, বিশেষ প্রতিনিধি ঃ (২৫অক্টোবর ২০১৫) সহজে জনগণের চিকিৎসা সেবা নিশ্চিত করার লক্ষ্যে ছাগলনাইয়া পৌরসভার তারেক মেমোরিয়াল হাসপাতালে আজ রবিবার সকাল ১১টায় ছাগলনাইয়া প্রেস ক্লাবের সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। হাসপাতালের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান বিশিষ্ট্য দানবীর এফবিসিসিআই'র সাবেক সভাপতি ও নর্থ সাউথ ইউনিভার্সিটির চেয়ারম্যান এম এ কাসেম এর সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন, এম.কাসেম ট্রাস্টিজ বোর্ড এর ভাইস-চেয়ারম্যান ও সাউথইস্ট ব্যাংকের পরিচালক জোসনা আরা কাসেম। বিশেষ অতিথি ছিলেন, সাউথইস্ট ব্যাংকের প্রতিষ্ঠাতা সেক্রেটারী এ.কে কোরেশী ও এম.কাসেম ট্রাস্টিজ বোর্ড এর মেম্বার হারুনুর রশিদ সিরাজ। পিআরও লে: (অব:) নেপাল চন্দ্র নাথের সঞ্চালনায় এতে স্বাগত বক্তব্য রাখেন, হাসপাতালের ইনচার্জ ডাঃ সোহেল মাহমুদ। বক্তব্য রাখেন, ডাঃ এ.কে.এম জাহাঙ্গীর আলম চৌধুরী, এশিয়া টিভির প্রডিউসার রফিকুল ইসলাম রলি, ছাগলনাইয়া প্রেস ক্লাবের সভাপতি মোহাম্মদ শেখ কামাল (ইত্তেফাক/ফেনীর সময়), সাবেক সভাপতি কবির আহাম্মদ সিদ্দিকী (সংগ্রাম), মোহাম্মদ মোস্তফা (মানব জমিন/দুর্বার), আবুল হাসান (নয়া দিগন্ত/অজেয় বাংলা), এবিএম নিজাম উদ্দিন (ইনকিলাব/নয়া পয়গাম), মোঃ শাহ আলম (ভোরের ডাক), মোঃ মাসুম বিল্লাহ ভূঁইয়া (আজকের সূর্যোদয়), এম নিজাম উদ্দিন মজুমদার (মোহনা টিভি), শাহ মোঃ জিয়াউল হক রুবেল (ডেসটিনি/ফেনী টাইমস), শওকত চৌধুরী (মাসিক হায়দার), মোঃ আবু তৈয়ব টিপু (আলোকিত বাংলাদেশ), মোঃ মাজহারুল ইসলাম ভূঁঞা (নবকিরণ), কাজী নূরুল আলম নিলু (ভোরের পাতা), আরিফ মোহাম্মদ মোদাচ্ছের হোসেন (নিউজ বিএনএ), মোঃ কামরুল হাসান (নতুন ফেনী), এম দেলোয়ার হোসেন (সিএনএম) ও আবদুল হাল্লান (সরেজমিন)। সভায় ছাগলনাইয়া প্রেস ক্লাবের সাংবাদিকবৃন্দ, হাসপাতালের চিকিৎসক ও কর্মকর্তা-কর্মচারীগণ অংশ নেন। প্রধান অতিথির বক্তব্যে সাউথইস্ট ব্যাংকের পরিচালক জোসনা আরা কাসেম বলেন, তারেক মেমোরিয়াল হাসপাতাল হচ্ছে এম.কাসেম ট্রাস্ট-এর একটি সেবা প্রতিষ্ঠান। সহজে জনগণের চিকিৎসা সেবা নিশ্চিত করার লক্ষ্যে ইহা প্রতিষ্ঠা করা হয়েছে। হাসপাতালের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান, এফবিসিসিআই'র সাবেক সভাপতি ও নর্থ সাউথ ইউনিভার্সিটির চেয়ারম্যান এম এ কাসেম বলেন, এম.কাসেম ট্রাস্ট কর্তৃক পরিচালিত তারেক মেমোরিয়াল হাসপাতাল সম্পূর্ণ অলাভজনক প্রতিষ্ঠান। ১৩ কোটি টাকা ব্যয় করে নির্মাণ করেছি এই হাসপাতাল লাভের উদ্দেশ্যে নয় চিকিৎসা সেবা দেয়ার উদ্দেশ্যে।



ছাগলনাইয়া (ফেনী)ঃ তারেক মেমোরিয়াল হাসপাতালের মতবিনিময় অনুষ্ঠানে এফবিসিসিআই'র সাবেক সভাপতি ও নর্থ সাউথ ইউনিভার্সিটির চেয়ারম্যান আলহাজ্ব এম.এ কাসেম ও সাউথইস্ট ব্যাংকের পরিচালক জোসনা আরা কাসেমের সঙ্গে ছাগলনাইয়া প্রেস ক্লাবের সাংবাদিকবৃন্দ। ২৫-১০-২০১৫
ছবি-মোহাম্মদ শেখ কামাল।